

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭০২

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - মুহরিম ব্যক্তির শিকার করা হতে বিরত থাকবে

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَقْتُلُ الْمُحْرِمُ السَّبُعَ الْعَاديَ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَهُ

বাংলা

২৭০২-[৭] আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ মুহরিম ব্যক্তি হিংস্র প্রাণী হত্যা করতে পারে। (তিরমিযী, আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ১৮৪৮, তিরমিয়ী ৮৩৮, ইবনু মাজাহ ৩০৮৯। কারণ এর সনদে ইয়াযীদ ইবনু আবী যিয়াদ স্মৃতিশক্তিগত ক্রুটিজনিত কারণে একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (السَّبُعُ الْعَادِى) "অত্যাচারী হিংস্র প্রাণী"। অর্থাৎ- যে প্রাণী মানুষকে আক্রমণ করে ক্ষত-বিক্ষত করে। অতএব যে সকল হিংস্র প্রাণীর মধ্যে এ গুণ পাওয়া যাবে তা মুহরিমের জন্য হত্যা করা বৈধ। এজন্য মুহরিমকে কোন ফিদিয়া দিতে হবে না।

ইমাম তিরমিয়ী বলেনঃ 'আলিমগণ এ হাদীসের বক্তব্য অনুযায়ী 'আমল করে থাকেন। সুফিয়ান সাওরী এবং ইমাম শাফি'ঈ-এর অভিমতও এটিই। ইমাম শাফি'ঈ বলেনঃ যে সকল হিংস্র প্রাণী মানুষের ওপর অথবা তাদের গৃহপালিত পশুর ওপর আক্রমণই করে সে সকল প্রাণী মুহরিমের জন্য হত্যা করা বৈধ। ইমাম মালিক, আহমাদ এবং জমহুর 'উলামাগণের অভিমতও এরূপ।



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন